

M.A PART-I EXAMINATION, 2020 (DDE)

বিষয়- বাংলা

তৃতীয় পত্র

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান : ৪০

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান-নির্দেশক। যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিন।

(প্রতিটি এককের জন্য পৃথক উত্তরপত্র ব্যবহার করতে হবে)

প্রথম অর্ধ/মান-২০

যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দিন :

১০ x ২ = ২০

- ক) 'চিত্রা' কাব্যের একাধিক কবিতায় মানব জীবনের প্রতি কবির যে গভীর মমত্ববোধ প্রকাশ পেয়েছে, প্রাসঙ্গিক কবিতা অবলম্বনে তা আলোচনা করুন।
- খ) 'খেয়া' কাব্যের কয়েকটি কবিতায় কবির আত্মসমর্পণ পূর্ণতা পেয়েছে, --আলোচনা করুন।
- গ) 'পুনশ্চ' কাব্যের 'সাধারণ মেয়ে' কবিতা অবলম্বনে রবীন্দ্রনাথের নারী ভাবনার পরিচয় দিন।
- ঘ) 'জন্মদিনে' কাব্যগ্রন্থের একাধিক কবিতায় রবীন্দ্রনাথ মানুষের মধ্যে যে 'প্রচ্ছন্ন পশু'-র কথা বলেছেন তার তাৎপর্য ব্যাখ্যা করুন।

তৃতীয় পত্র প্রথম অর্ধের এক-একটি প্রশ্নের উত্তর তিন পৃষ্ঠা হিসেবে মোট ছয় পৃষ্ঠার মধ্যে দুটি উত্তর লিখতে হবে। উত্তরপত্রের প্রথম পৃষ্ঠাসহ বাকি পৃষ্ঠাগুলিকে পর পর সাজিয়ে একটি পি ডি এফ ফাইল করে, বিশ্ববিদ্যালয়ের নির্দিষ্ট করা ই-মেল আইডি-তে অ্যাটাচ করে পাঠাতে হবে।

দ্বিতীয় অর্ধ/মান-২০

যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দিন :

১০ x ২ = ২০

- ক) যুগ-যুগান্তের গ্লানি মোচনের ছবি 'কালাপাহাড়' কবিতার মূল সুর। মন্তব্যটি ব্যাখ্যা করুন।
- খ) কবি রূপে নজরুল ইসলামের প্রথম পরিচয় তিনি বিদ্রোহী। --মন্তব্যটি বিশ্লেষণ করুন।
- গ) "এই পথে আলো জ্বলে --এ-পথেই পৃথিবীর ক্রমমুক্তি হবে।" 'সুচেতনা' কবিতায় কবি যে আশা ব্যক্ত করেছেন, তার স্বরূপ বুঝিয়ে দিন।
- ঘ) প্রেমেন্দ্র মিত্রের 'দশানন' কবিতায় দশানন রাবণের যে আধুনিক মূল্যায়ন হয়েছে তার স্বরূপ নির্ণয় করুন।

তৃতীয় পত্র দ্বিতীয় অর্ধের এক-একটি প্রশ্নের উত্তর তিন পৃষ্ঠা হিসেবে মোট ছয় পৃষ্ঠার মধ্যে দুটি উত্তর লিখতে হবে। উত্তরপত্রের প্রথম পৃষ্ঠাসহ বাকি পৃষ্ঠাগুলিকে পর পর সাজিয়ে একটি পি ডি এফ ফাইল করে, বিশ্ববিদ্যালয়ের নির্দিষ্ট করা ই-মেল আইডি-তে অ্যাটাচ করে পাঠাতে হবে।